

# নির্দিষ্টকরণ আইন, ২০১৩

( ২০১৩ সনের ২৬ নং আইন )

২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন

যেহেতু ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;  
সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন

১। এই আইন নির্দিষ্টকরণ আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২০১৩-২০১৪  
অর্থ  
বৎসরের  
জন্য সংযুক্ত  
তহবিল  
হইতে  
৩৪৪৫৪৯,৮৬,১১,০০০  
(তিন লক্ষ  
চুয়াল্লিশ  
হাজার  
পাঁচশত  
উনপঞ্চাশ  
কোটি  
ছিয়াশি লক্ষ  
এগার  
হাজার)  
টাকা প্রদান

২। ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ৩৪৪৫৪৯,৮৬,১১,০০০ (তিন লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত উনপঞ্চাশ কোটি ছিয়াশি লক্ষ এগার হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।